

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	১০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৩.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, গত ১৯ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দে এ.পি.এ. টিমের ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহিত ২.১ সিদ্ধান্ত অনুযায়ী এ.পি.এ.'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের প্রতিটি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে তারিখ নির্দিষ্ট করে Activity Execution Calender প্রণয়ন করা হয়েছে এবং অনুরূপভাবে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে Activity Execution Calender প্রণয়ন করা হয়েছে। সদস্য সচিব আরও জানান যে, পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত ২.২ অনুযায়ী এ.পি.এ., শুদ্ধাচার কৌশল ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এ বিভাগের সকল শাখা প্রধানদের আজকের সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন যে, এ.পি.এ., শুদ্ধাচার কৌশল ও বার্ষিক উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমগুলি বাস্তবায়নের দায়িত্ব শুধুমাত্র বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা বা এ.পি.এ. টিম/ইনোভেশন টিমের নয়। এ সকল কার্যক্রমের সাথে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা জড়িত। এ.পি.এ., শুদ্ধাচার কৌশল ও বার্ষিক উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমগুলি যথাসময়ে বাস্তবায়নের জন্য যে Activity Execution Calender প্রণয়ন করা হয়েছে তা সত্যিই বাস্তবসম্মত মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। এজন্য তিনি এ.পি.এ. টিম এবং সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, সকল কার্যক্রম সম্পাদন শেষে প্রমাণক সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। প্রমাণক ব্যতীত কোন কার্যক্রম সম্পন্ন বলে গণ্য করা হবে না, কারণ অতিতে দেখা গেছে যে, কার্যক্রম সম্পন্ন হওয়ার পরও মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণক সরবরাহ না করার কারণে উক্ত কার্যক্রমের বিপরীতে নম্বর পাওয়া যায়নি। এ.পি.এ., শুদ্ধাচার কৌশল ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রণয়নকৃত Activity Execution Calender নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ Activity Execution Calender অনুযায়ী যে সকল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শাখা জড়িত তাদের উক্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখাকে অবহিতকরণসহ প্রমাণক সরবরাহ করতে হবে ;

৩.২ এ.পি.এ., শুদ্ধাচার কৌশল ও বার্ষিক উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমগুলি সমন্বিত করে মাসিক Activity Execution Calender প্রণয়ন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৮৯

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭

১৫ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব/উপপ্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মোঃ ফজলুর রহমান  
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)